# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 03.09.2024 Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) যৌন নির্যাতন, ধর্ষণ ও গণধর্ষণ সংক্রান্ত আইনকে আরও কঠোর রূপ দিতে রাজ্য বিধানসভায় আজ গৃহীত হয়েছে **অপরাজিতা নারী ও শিশু পশ্চিমবঙ্গ ফৌজদারি আইন সংশোধনী বিল**।

মুখ্যমন্ত্রী একে ঐতিহাসিক বলে দাবি করলেও বিজেপি বলেছে, আর জি কর-এর ঘটনা থেকে নজর ঘোরাতেই এই আইন।

২) আর জি কর-এর ঘটনার প্রতিবাদে আন্দোলনরত জুনিয়ার ডাক্তারদের অনড় মনোভাবে অবশেষে পিছু হঠতে বাধ্য হলো পুলিশ। চিকিৎসকদের এক প্রতিনিধি দল লালবাজারে গিয়ে নগরপালের হাতে তুলে দেন স্মারকলিপি।

এই ঘটনায় আজও বামফ্রন্ট ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে প্রতিবাদ মিছিল ও মানববন্ধন কর্মসূচী পালন করা হয়।

বিজেপি বলেছে মুখ্যমন্ত্রী পদত্যাগ না করা পর্যন্ত আন্দোলন চলবে।

৩) আর জি কর কান্ডের প্রতিবাদে নাট্যকার চন্দন সেন, অভিনেত্রী সুদীপ্তা চক্রবর্তী ও নির্দেশক বিপ্লব বন্দ্যোপাধ্যায় পুরস্কার ফিরিয়ে দেওয়ার কথা ঘোষণা করেছেন।

৪) আর্থিক দুর্নীতি মামলায় ধৃত সন্দীপ ঘোষ সহ চারজনের ১০ দিনের সিবিআই হেফাজত।

৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে মহানায়ক উত্তম কুমারের ৯৮-তম জন্ম বার্ষিকী আজ উদযাপিত হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

যৌন নির্যাতন, ধর্ষণ ও গণধর্ষণ সংক্রান্ত আইনকে আরও কঠোর রূপ দিতে রাজ্য বিধানসভায় আজ গৃহীত হল পশ্চিমবঙ্গ ফৌজদারি আইনের একটি সংশোধনী । এর নাম দেওয়া হয়েছে অপরাজিতা নারী ও শিশু (পশ্চিমবঙ্গ ফৌজদারি আইন সংশোধনী) বিল। বিলটিতে ভারতীয় ন্যায় সংহিতা ও ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও পকসো আইনেরও কয়েকটি ধারা সংশোধন করে কঠোরতর বিধি যুক্ত করা হয়েছে। বিলের উপর আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী একে ঐতিহাসিক বলে দাবি করে বলেন, সাজার হার কম বলেই দেশজুড়ে মহিলাদের উপর অত্যাচারের ঘটনা বাড়ছে। নতুন আইনে সেই ফাঁকফোকরগুলি পূরণ করার চেষ্টা করা হয়েছে। এর মধ্যে দিয়ে নারী ও শিশুদের নির্যতনের ঘটনায়, দ্রুত তদন্ত, ন্যায়বিচার ও ধর্ষকদের সর্বোচ্চ শাস্তির ব্যবস্থা থাকবে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এর আগে বিলের ওপর আলোচনায় অংশ নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্য সরকারের সদিচ্ছা নিয়েই প্রশ্ন তোলেন। তিনি দাবি করেন আরজিকরের ঘটনা থেকে নজর ঘোরাতে আর ওই ঘটনার জেরে তৈরি হওয়া জনরোষ প্রশমিত করতেই এই আইন আনা হচ্ছে।

(বাইট – শুভেন্দু)

প্রস্তাবিত বিলের উপর বিরোধী দলনেতা সাতটি সংশোধনী দিলেও তা গৃহীত হয়নি। আলোচনার শেষে ধ্বনী ভোটে প্রস্তাবটি সভায় গৃহীত হয়।

এদিকে ধর্ষণ বিরোধী বিলকে সমর্থন করলেও আর জি কর কাণ্ড নিয়ে শাসক বিরোধী তরজায় আজ বিধানসভার বিশেষ অধিবেশন উত্তপ্ত হয়ে ওঠে। আমাদের প্রতিনিধি জানাচ্ছেন,

(ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, আর জি কর-এর ঘটনার প্রতিবাদে আন্দোলনরত জুনিয়ার ডাক্তারদের অনড় মনোভাবে অবশেষে পিছু হঠতে বাধ্য হলো পুলিশ। প্রায় ২২ ঘণ্টার পর তারা ব্যারিকেড তুলে নেয়। পরে চিকিৎসকদের এক প্রতিনিধি দল লালবাজারে গিয়ে নগরপাল বিনীত গোয়েলের সঙ্গে বৈঠক করেন। প্রতিকী মেরুদন্ড সামনে রেখে তার হাতে তুলে দেওয়া হয় একটি স্মারকলিপিও। লালবাজার থেকে বেরিয়ে এক জুনিয়ার ডাক্তার সাংবাদিকদের বলেন,

(বাইট – ডাক্তার)

উল্লেখ্য, পুলিশ কমিশনারের পদত্যাগের দাবিতে জুনিয়ার ডাক্তাররা গতকাল লালবাজার অভিযানে সামিল হন। ব্যারিকেড করে তাদের আটকে দেওয়া হলে লালাবাজারের অদূরে বিবি গাঙ্গুলী স্টীটে বসে তারা বিক্ষোভ দেখাতে থাকেন।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী জুনিয়ার ডাক্তারদের এই অনড় মনোভাবকে স্বাগত জানিয়েছেন। সাংবাদিকদের আজ তিনি বলেন, আন্দোলনরত চিকিৎসকদের দৃঢ়তা ও মানসিক শক্তি অভূতপূর্ব ও ঐতিহাসিক । এ থেকে আমাদের অনেককিছু শেখার আছে। তবে, মুখ্যমন্ত্রী এখনও আন্দোলনকারীদের সঙ্গে দেখা করে আলোচনার প্রয়োজন মনে না করায় কঠোর সমালোচনা করেন অধীরবাবু।

(বাইট – অধীর)

০০০০০০০০০০০০০০০০০০০০

নির্যাতিতার ন্যায় বিচারের দাবিতে তার পরিবারের সদস্যরা আরজিকর হাসপাতালে জুনিয়র চিকিৎসকদের আন্দোলনে যোগ দেবেন বলে তার বাবা মা জানিয়েছেন। আজ সন্ধ্যায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তারা বলেন, তদন্ত সফল হবে, তাদের মেয়ে ন্যায়বিচার পাবে এটাই তারা আশা করছেন।

লালবাজারে পৌঁছে কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েলকে দাবিপত্র পেশ করতে পারা ডাক্তারদের নৈতিক জয় বলে নির্যাতিতার বাবা উল্লেখ করেছেন।

কর্মক্ষেত্রে মহিলাদের ১২ ঘন্টার বেশি ডিউটি না দেওয়ার যে সুপারিশ রাজ্য সরকার করেছে, তার সমালোচনা করে নির্যাতিতার মা বলেন, এতে মেয়েদের অসম্মান করা হচ্ছে ও বৈষম্যের সৃষ্টি করা হচ্ছে। কর্মক্ষেত্রে মহিলা পুরুষ উভয়েরই নিরাপত্তা সরকারকে সুনিশ্চিত করতে হবে বলে তিনি জানান।

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী পদত্যাগ না করা পর্যন্ত আরজিকরের ঘটনায় প্রকৃত বিচার হবে না বলে বিজেপি দাবি করেছে। দক্ষিণ দিনাজপুরে আজ এক জনসভায় দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, শুধুমাত্র একজনকে গ্রেফতার করে মৃত্যুদণ্ড দিলে প্রকৃত বিচার হবে না। মুখ্যমন্ত্রী ও কলকাতার পুলিশ কমিশনারকে তাদের পদ থেকে অপসারিত করলে,তবেই এই ঘটনার প্রকৃত বিচার হবে। তিনি বলেন,মুখ্যমন্ত্রী পদত্যাগ না করা পর্যন্ত আন্দোলন চলবে।

উল্লেখ্য,রাজ্য সভাপতির নেতৃত্বে বিজেপি আজ দক্ষিণ দিনাজপুরে জেলাশাসকের দপ্তর ঘেরাও করে। শ্রী মজুমদার জানান,গতকাল সারা রাজ্যে দলের পক্ষ থেকে এই কর্মসূচি পালন করা হলেও বিশেষ কারণে দক্ষিণ দিনাজপুরে এই কর্মসূচি পালন করা হয় নি।

oooooooooooooooooooo

আর জি কর-এর ঘটনার প্রতিবাদে মালদার রাজ হোটেল মোড় এলাকায় গৌড়ীয় বৈষ্ণব সংস্থার উদ্যোগে এক অভিনব প্রতিবাদ কর্মসূচী পালন করা হয়। সকাল থেকেই সংস্থার বৈষ্ণব – বৈষ্ণবীরা উদয়-আস্ত হরিনাম সংকীর্তনে অংশগ্রহণ করেন। ঢাক-ঢোল ও কর্তাল সহযোগে নাম সংকীর্তনের মাধ্যমে তারা প্রতিবাদ

জানান। সংস্থার চেয়ারপার্সেন জানিয়েছেন, এই কর্মসূচীর মাধ্যমে তারা নির্যাতিতার আত্মার শান্তি কামনা, দোষীদের সঠিক বিচার এবং কর্মক্ষেত্রে নারীদের সুরক্ষা সুনিশ্চিত করার দাবি জানান। এই অভিনব প্রতিবাদে এলাকাবাসীরও ব্যাপক সমর্থন মিলেছে।

oooooooooooooooooooo

আরজিকর কাণ্ডের প্রতিবাদে নাট্যকার, পরিচালক চন্দন সেন সংস্কৃতি অধিকর্তাকে চিঠি লিখে রাজ্য সরকারের দেওয়া দীনবন্ধু মিত্র পুরস্কার ফেরত দিতে চান বলে জানিয়েছেন। ২০১৭ সালে তাঁকে এই পুরষ্কার দেওয়া হয়েছিল। তিনি জানান, রাজ্যের অমানবিক পরিস্থিতি এবং তিলোত্তমাকে নৃশংসভাবে খুন করার প্রেক্ষিতেই তাঁর এই সিদ্ধান্ত ।

নাট্য নির্দেশক বিপ্লব বন্দ্যোপাধ্যায়ও পশ্চিমবঙ্গ নাট্য অ্যাকাডেমী পুরস্কার ফিরিয়ে দেওয়ার কথা ঘোষণা করেছেন। নাট্য অ্যাকাডেমীর সচিবের উদ্দেশ্যে লেখা এক চিঠিতে শ্রী বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, তাঁর নির্দেশিত দায় আমাদেরও নাটকের জন্য এবছর পয়লা ফেব্রুয়ারী তিনি সেরা নির্দেশক হিসেবে এই নাট্য অ্যাকাডেমী পুরস্কার পান। কিন্তু আর জি কর-এর ঘটনা এবং তার প্রেক্ষিতে পুলিশ প্রশাসনের কার্যকলাপে তিনি একজন মানুষ হিসেবে লজ্জিত ও ক্ষুব্ধ। এর প্রতিবাদ স্বরূপ পুরস্কার মূল্যবাবদ ৩০ হাজার টাকাও তিনি ফেরত দেওয়ার কথা ঘোষণা করেন।

অভিনেত্রী সুদীপ্তা চক্রবর্তীও প্রতিবাদ স্বরূপ তাঁর জাতীয় পুরস্কার ফেরত দেওয়ার কথা ঘোষণা করেছেন।

oooooooooooooooooooo

আর্থিক দুর্নীতি মামলায় ধৃত আর জি কর হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ সহ ৪ জনকে ১০–ই সেপ্টেম্বর পর্যন্ত সিবিআই হেফাজতে পাঠানো হয়েছে। এদের আজ আলিপুর আদালতে তোলা হয়। অন্য তিনজন হলেন – ভেন্ডার বিপ্লব

সিং, ভেন্ডার সুমন হাজরা এবং সন্দীপ ঘোষের ব্যক্তিগত নিরাপত্তারক্ষী আফসার আলি। তাদের বর্তমানে নিজাম প্যালেসে সিবিআই হেফাজতেই রাখা হয়েছে।

এদিকে, নিজাম প্যালেস থেকে সন্দীপ ঘোষকে আদালতে নিয়ে যাওয়ার সময় স্থানীয় মানুষজন তাকে লক্ষ্য করে চোর চোর শ্লোগান দিতে থাকে। আদালত থেকে বেরনোর সময়ও আইনজীবীরা বিক্ষোভ দেখান।

আগেই জানানো হয়েছে আর্থিক দুর্নীতি মামলায় সি বি আই-এর দুর্নীতি দমন শাখা গতরাতে সন্দীপ ঘোষকে গ্রেফতার করে। পরে ধরা হয় বাকি তিনজনকে।

০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার মগরাহাটের মৌখালি এলাকায় একই পরিবারের তিনজনের দেহ আজ বাড়ি কাছেই বাগানের মধ্যে থেকে উদ্ধার হলে শোকের ছায়া নেমে আসে। বছর ৬০-র জগদীশ বিশ্বাস, তাঁর স্ত্রী শান্তি ও তাদের ছেলে বছর ২৫-এর মানবেশ বিশ্বাস গতকাল থেকে নিখোঁজ ছিলেন। প্রতিবেশীরা বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করেও তাদের হদিশ পাননি। আজ দুপুরে বাড়ির কাছেই ওই বাগানে জল-কাদার মধ্যেই তাদের দেহগুলি পড়ে থাকতে দেখা যায়। পুলিশ দেহগুলি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। পুলিশের প্রাথমিক অনুমান বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তারা প্রাণ হারিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ মহানায়ক উত্তম কুমারের ৯৮-তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে।

এই উপলক্ষে উত্তম কুমারের জন্মস্থান উত্তর কলকাতার আহিরিটোলা স্ট্রিট এবং বি কে পাল এভিনিউ ও ওল্ড আহিরীটোলা স্ট্রিটের সংযোগস্থলে উত্তম কুমার শিশু ও মহিলা উদ্যানে আয়োজিত এক অনুষ্ঠানে মহানায়কের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন রাজ্যের মন্ত্রী শশী পাঁজা,কলকাতা পুরসভার মেয়র পরিষদ সদস্য দেবাশীষ কুমার প্রমূখ ।

বিভিন্ন শিল্পী সংগঠনের পক্ষ থেকেও বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

0000000000000000000000000000000000

000000000000000000000000000000000